রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৮, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**(পৌর-১)**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ই আষাঢ়, ১৩৯৯/২৭শে জুন, ১৯৯২

এস, আর, ও নং ১৭০-আইন/৯২ পৌর-১/ডিএম-৩/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালা ঃ—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্মকমিশনকে বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্যঃ টাকা ৩.০০

(ঙ) "নির্দিষ্টকৃত পদ" বলিতে তফসিলে উল্লেখিত কোন পদ বুঝাইবে;

(ছ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে নির্দিষ্টকৃত পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতা বুঝাইবে;

(চ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে; এবং

(ছ) "স্বীকৃত শিক্ষা বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধি উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(জ) "সরকার" বলিতে স্থানীয় সরকার বিভাগকে বুঝাইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন নির্দিষ্টকৃত পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স-সীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা জারীর পূর্বে কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্তরূপে নিযুক্ত থাকাকালীন সময়ের জন্য তাহার সর্বোচ্চ বয়স-সীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ঃ

তবে শর্ত থাকে যে, যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর নির্দিষ্টকৃত পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) স্থায়ী শূণ্য পদের বিপরীতে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিকবারে এইরূপে সম্প্রসারণ করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্টকৃত পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **কতিপয় পদে নিয়োগের বিশেষ বিধান।**—তফসিলের ৭ নং ও ১৩ নং ক্রমিকে উল্লিখিত নির্দিষ্টকৃত পদগুলিতে উহাদের বিপরীতে উল্লিখিত নিয়োগবিধি অনুসারে নিয়োগ করা হইবে।

"তফসিল"

[ বিধি ২(খ) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | নির্দিষ্টকৃত পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ভারপ্রাপ্ত কর্মকর্তা/ সহকারী পরিচালক। | .. | স্বাস্থ্য মন্ত্রণালয় হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | .. |
| ২ | সহকারী ভারপ্রাপ্ত কর্মকর্তা/ সুপারিনটেনডেন্ট। | .. | ঐ | .. |
| ৩ | উচ্চমান সহকারী | .. | নিম্নবর্ণিত গ্রুপের পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে; যথা:—<br>(ক) নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক/হিসাব রক্ষক/ ক্যাশিয়ার, এবং<br>(খ) ষ্টোর-কিপার। | ৪র্থ কলামে উল্লিখিত (ক) গ্রুপের ফিডার পদে অন্যুন ৫(পাঁচ) বৎসর অথবা (খ) গ্রুপের ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৪ | হিসাব রক্ষক | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যুন ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | সুপারভাইজার | .. | ইনসেক্টকালেক্টর/মিস্ত্রি/ক্রু পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) ইনসেক্ট কালেক্টর/মিস্ত্রি পদে অন্যুন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং ক্রু পদে অন্যুন ১০ (দশ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ইনসেক্ট কালেক্টর/মিস্ত্রী/ক্রু পদধারীগণ পদোন্নতির ক্ষেত্রে অগ্রাধিকার পাইবে। |
| ৬ | ক্যাশিয়ার | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭ | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক। | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস(মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫, (১২-০৩-৮৫ ইং তারিখের নং এস, আর, ও ১২৭-এল/৮৫ এবং ২০-৯-৮৭ ইং তারিখের নং এস, আর, ও ১৯৯-আইন/৮৭/সম(এডি-১)-১৫৩/৮৬) অনুযায়ী। | | |
| ৮ | স্টোর-কিপার | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯ | ইনসেক্ট কালেক্টর | .. | ক্রু পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী |
| ১০ | মিস্ত্রী | .. | ঐ | ফিডার পদে অন্যূন ৫ (পাচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ স্প্রে মেশিন মেরামত করিবার দক্ষতা থাকিতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ড্রাইভার | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। বৈধ ড্রাইভিং লাইসেন্স-সহ হালকা ও ভারী যানবাহন চালনা দক্ষতা থাকিতে হইবে, অভিজ্ঞতা অগ্রগণ্য। |
| ১২ | ক্রু | .. | ঐ | ৮ম শ্রেণী উত্তীর্ণ এবং সুস্বাস্থের অধিকারী হইতে হইবে। |
| ১৩ | এম, এল, এস, এস | .. | | (নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাস রাইডার ও এম, এল, এস, এস, (মন্ত্র ণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ এর ১২-৩-৮৫ ইং তারিখের নং এস, আর, ও ১২৭-এল/৮৫ এবং ২০-০৯-৮৭ ইং তারিখের নং এস, আর, ও ১৯৯-আইন/৮৭/সম(এডি-১)-১৫৩/৮৬) অনুযায়ী। |
| ১৪ | দারোয়ান | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ১৫ | নাইট গার্ড | ঐ | ঐ | ৮ম শ্রেণী উত্তীর্ণ। |
| ১৬ | সুইপার | ঐ | ঐ | ঐ |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মুশফিকুর রহমান
সচিব,
স্থানীয় সরকার বিভাগ।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।